গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৩, ঢাকা
২য় ১২ তলা সরকারি অফিস ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা
ফোনঃ ৪৮৩১২৪০২, e-mail: zone3dhk@yahoo.com

নথি নং-কঅ৩ঢা/ককক/প্রায়োগিক /২০২৫-২০২৬/৪৬৭ তারিখ: ০৬ অক্টোবর ২০২৫খ্রিস্টাব্দ।

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ মাহবুব হোসেন, উচ্চমান সহকারী, উপ কর কমিশনারের কার্যালয়, সার্কেল-৬৪, কর অঞ্চল-৩, ঢাকা (প্রাক্তন পদবি-অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপ কর কমিশনারের কার্যালয়, সার্কেল-৬২, কর অঞ্চল-৩, ঢাকা), করদাতা জনাব সুমি আক্তার, ই-টিআইএন-৫৯৮৯২২৮০৬৯৯০, সার্কেল-৬২, কর অঞ্চল-৩, ঢাকা এর ২০১১-২০১২ করবর্ষ হইতে ২০১৮-২০১৯ করবর্ষের আয়কর রিটার্ন আয়কর নথিতে গোপনে সংযোজনের বিষয়ে কর অঞ্চল-৩, ঢাকা এর অফিস আদেশ নং-কঅ৩ঢা/ককক/প্রায়োগিক/২০২৫-২০২৬/১২৯, তারিখ: ০৩/০৮/২০২৫ খ্রিঃ অনুযায়ী তদন্ত কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির প্রাথমিক তদন্ত প্রতিবেদন অনুযায়ী জনাব মোঃ মাহবুব হোসেন এর সম্পৃক্ততা প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) বিধি অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতিপরায়ণতার অভিযোগে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে; এবং

০২। যেহেতু, সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী কর্তৃপক্ষ তাঁকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন মনে করে;

০৩। সেহেতু, সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী জনাব মোঃ মাহবুব হোসেন, উচ্চমান সহকারী, উপ কর কমিশনারের কার্যালয়, সার্কেল-৬৪, কর অঞ্চল-৩, ঢাকা (প্রাক্তন পদবি- অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপ কর কমিশনারের কার্যালয়, সার্কেল-৬২, কর অঞ্চল-৩, ঢাকা) কে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

০৪। জনস্বার্থে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

স্বাক্ষরিত
০৬/১০/২০২৫
রাসেল চাকমা
কর কমিশনার
কর অঞ্চল-৩, ঢাকা।

নথি নং-কঅ৩ঢা/ককক/প্রায়োগিক /২০২৫-২০২৬/৪৬৭ (১-৬৪) তারিখ: ০৬ অক্টোবর ২০২৫খ্রিস্টাব্দ।

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। সদস্য (ইন্টারন্যাশনাল ট্যাক্সেস), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩। অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-৩, ঢাকা।
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৫। উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রায়োগিক), কর অঞ্চল-৩, ঢাকা।
৬। উপ কর কমিশনার, সার্কেল-................................................, কর অঞ্চল-৩, ঢাকা।
৭। সহকারী প্রোগ্রামার, কর অঞ্চল-৩, ঢাকা।
৮। সংশ্লিষ্ট কর্মচারী জনাব মোঃ মাহবুব হোসেন, উচ্চমান সহকারী, কর অঞ্চল-৩, ঢাকা।
৯। নেজারত/হিসাব শাখা, কর অঞ্চল-৩, ঢাকা।
১০। অফিস কপি।

৬/১০/২৫
মোঃ ওয়াসিউল ইসলাম
সহকারী কর কমিশনার
অতিরিক্ত দায়িত্ব
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-৩, ঢাকা।